



বামনপুকুর হুমায়ূন কবীর মহাবিদ্যালয়

মূল্যায়ন (Assessment) কেন্দ্রিক প্রশ্ন, ২০২৪

বি এ (অনার্স) (বাংলা) Major Bengali-2/DSC-2

প্রগাধুনিক বাংলা সাহিত্য পাঠ

দ্বিতীয় সেমিস্টার

বিষয় অধ্যাপক : অজয় পাত্র

বাংলা বিভাগ

১। বৈষ্ণব পদাবলী : একটি প্রশ্নের উত্তর দাও ১০

ক। বৈষ্ণব সাহিত্যে রস বলতে কি বোঝ ? পঞ্চরসের প্রকার ভেদের করণ লিখে শ্রেষ্ঠ রসের পরিচয় দাও /মুখ্য রসের প্রকার ভেদ করে শ্রেষ্ঠ রসের পরিচয় দাও ।

খ। অভিসার বলতে কি বোঝ ? অভিসার পর্যায়ে তত্ত্বগত তাৎপর্য লিখে এই পর্যায়ে শ্রেষ্ঠ পদকর্তার পরিচয় দাও/শ্রেষ্ঠ পদের কাব্যসৌন্দর্য ব্যাখ্যা করো /"মাধব কি কহব দৈব -বিপাক"-পদটির কবির নাম লিখে কবিকৃতির পরিচয় দাও ।

গ। পূর্বরাগ বলতে কি বোঝ ? পূর্বরাগ পর্যায়ে তত্ত্বগত তাৎপর্য লিখে এই পর্যায়ে শ্রেষ্ঠ পদকর্তার পরিচয় দাও/শ্রেষ্ঠ পদের কাব্যসৌন্দর্য ব্যাখ্যা করো / "সই কে বা শুনাইল শ্যাম নাম"-পদটির কবির নাম লিখে কবিকৃতির পরিচয় দাও ।

ঘ। গৌরচন্দ্রিকা বলতে কি বোঝ ? গৌরচন্দ্রিকা ও গৌরাজ বিষয়ক পদের পার্থক্য লেখ/সকল গৌরচন্দ্রিকা গৌরাজ বিষয়ক পদ হলেও সকল গৌরাজ বিষয়ক পদ গৌরচন্দ্রিকা নয়-আলোচনা করো ।

ঙ। শ্রীকৃষ্ণের বাল্যলীলা বাষয়ক পদ রচনায় বলরাম দাসের কৃতিত্ব লেখ/বাৎসর্য রস সৃষ্টিতে বলরাম দাসের কৃতিত্ব আলোচনা করো ।

চ। "এ সখি হামারি দুখের নাহি গুর"- কোন পর্যায়ে পদ? কবির নাম সহ পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো/মাথুর বলতে কি বোঝ? এই পর্যায়ে তত্ত্বগত তাৎপর্য লিখে এই পর্যায়ে শ্রেষ্ঠ পদকর্তার পরিচয় দাও ।

২। শাক্ত পদাবলী : একটি প্রশ্নের উত্তর দাও ১০

ক। ভক্তের আকৃতি বলতে কি বোঝ ? ভক্তের আকৃতি পর্যায়ে বৈশিষ্ট্য লিখে এই পর্যায়ে শ্রেষ্ঠ কবির কবি কৃতির পরিচয় দাও ।

খ। আগমনী ও বিজয়া বিষয়ক পদ রচনায় কমলাকান্তের কৃতিত্ব লেখ/শাক্ত পদাবলী রচনায় কমলাকান্তে কৃতিত্ব লেখ ।

গ। শাক্ত পদাবলী অবলম্বনে কমলাকান্ত ভট্টাচার্য এবং রামপ্রসাদ সেনের কবি প্রতিভার একটি তুলনামূলক আলোচনা করো ।

ঘ। শাক্ত পদাবলীর পাঠ্য পদ অবলম্বনে মায়ের রূপ বর্ণনায় কবিদের কৃতিত্বের পরিচয় দাও ।

ঙ। শাক্ত পদাবলী অবলম্বনে রামপ্রসাদ সেনের কবি প্রতিভার পরিচয় দাও ।

৩। মুকুন্দ রাম চন্দ্রবর্তীর 'চণ্ডীমঙ্গল'(আখ্যেটিক খণ্ড): একটি প্রশ্নের উত্তর দাও ১০

ক। চণ্ডীমঙ্গল কাব্য অবলম্বনে ভাঁড়ু দত্ত চরিত্র সম্পর্কে আলোচনা করো ।

খ। চণ্ডীমঙ্গল কাব্য অবলম্বনে মুরারি শীল চরিত্র সম্পর্কে আলোচনা করো ।

গ। নায়ক কলকেতু চরিত্রের পরিচয় দাও/তাকে কি স্থানু বলা যায় ?

ঘ। গ্রন্থোৎপত্তির কারণ বা আত্মপরিচয় অংশে কবির সমাজ বাস্তবতার পরিচয় দাও ।

ঙ। চণ্ডীমঙ্গল কাব্যে দুঃখের প্রসঙ্গ থাকলেও কবিকে কি দুঃখবাদী বলা যায়, আলোচনা করো ।

চ। চণ্ডীমঙ্গল কাব্য অবলম্বনে ফুল্লরা চরিত্র সম্পর্কে আলোচনা করো

৪। বৃন্দাবন দাসের 'চৈতন্য ভাগবত'(আদি খণ্ড): একটি প্রশ্নের উত্তর দাও ১০

ক। চৈতন্য ভাগবত গ্রন্থের আদি খণ্ডের দশম অধ্যায়ে "বিষ্ণুপ্রিয়া পরিচয় বর্ণন" অবলম্বনে বিষ্ণুপ্রিয়া চরিত্রের পরিচয় দাও।

খ। চৈতন্য ভাগবত গ্রন্থ অবলম্বনে চৈতন্য মহাপ্রভুর শৈশব-বাল্য-কৈশোর লীলার পরিচয় দাও।

ঘ। চৈতন্য ভাগবত গ্রন্থের আদি নাম কি ছিল ? এই নাম পরিবর্তন কতটা যুক্তিপূর্ণ আলোচনা করো ।

ঙ। চৈতন্য ভাগবত গ্রন্থের আদি খণ্ড অবলম্বনে হরিদাসের চরিত্র ও মাহাত্ম্য বর্ণনা করো।

চ। চৈতন্য ভাগবত গ্রন্থের আদি খণ্ড অবলম্বনে গৌরাজ অবতরণের হেতু এবং তৎকালীন নবদ্বীপের পরিচয় দাও।

৫। যে-কোন দুটি উদ্ধৃতি/দুটি বিষয় সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো : ৫+৫=১০

ক। "সিন্ধু নিকটে যদি কণ্ঠ শুকায়ব

কো দূর করব পিয়াসা।"

খ। 'কলঙ্কী বলিয়া ডাকে সব লোকে

তাহাতে নাহিক দুখ।'

গ। 'কামিনী করিল বিধি তেঁই হে তোমারে সাধি।/নারীর জনম মম যন্ত্রনা সহিত।।'

ঘ। "ওরে নবমী নিশি না হইও রে অবসান"

ঙ। 'শাশুড়ী ননদী নাহি নাহি তোর সতা।/ কার সঙ্গে দ্বন্দ্ব করি চক্ষু কৈলি রতা।।'

চ। 'কহিতে জানিস বেটা কপট প্রবন্ধ।

হৃদয়ে পূরিত বিষ মুখে মকরন্দ।'

ছ। 'পিপীড়ার পাখা উঠে মরিবার তরে।/কাহার ষোড়শী কন্যা আনিয়াছ ঘরে।।'

জ। নবদ্বীপ হেন গ্রাম ত্রিভুনে নাঞি।/যঁই অবতীর্ণা হৈলা চৈতন্য গোসাঞি।।'

ঝ। 'অতএব তীর্থ নহে তোমার সমান।

তীর্থের পরম তুমি মঙ্গল প্রধান।'

.....